



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা  
[stft.gov.bd](http://stft.gov.bd)

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.৮৮.২৫-৫৫৫

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২  
১৩ নভেম্বর ২০২৫

## ফেলোশিপ বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ অর্থবছরে দেশে ও বিদেশে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহে উচ্চতর শিক্ষায় ফেলোশিপের আবেদন আহ্বান

বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট-এর আওতায় দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষায় নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে-

- আবেদন শুরু: ১৮ নভেম্বর ২০২৫
- আবেদন শেষ: ১৮ ফেব্রুয়ারি ২০২৬ (রাত ১১:৫৯)
- আবেদন পদ্ধতি: অনলাইনে <https://grant.most.gov.bd/en/services/stft/stft-fellowship> -এই লিংকে আবেদন করতে হবে।

### অধ্যয়ন/গবেষণার বিষয়/ক্ষেত্রসমূহঃ

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পাবলিক হেলথ ও প্রিভেন্টিভ মেডিসিন, জীব প্রযুক্তি ও অণুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, জ্বালানি গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং, এক্সপ্লোরেশন অব মিনারেলস এন্ড পেট্রোলজি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, রোবোটিকস ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স।

### আবেদনকারীর যোগ্যতাঃ

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি হতে হবে।
- আবেদন গ্রহণের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস/এমফিল/সমমান কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ (পয়ত্রিশ) বছর ও পিএইচডি কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪২ (বিয়াল্লিশ) বছর হতে হবে।
- বিদেশে এমএস/এমফিল/সমমান ও পিএইচডি'র এর জন্য "The Times Higher Education" এর সর্বশেষ/আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশের সময়কালীন "World University Rankings" তালিকার কেবলমাত্র ১-৪০০ র্যাংকিংধারী বিশ্ববিদ্যালয়সমূহের চূড়ান্ত অফার লেটার প্রাপ্ত প্রার্থীগণ এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- ফেলোশিপের আবেদনের জন্য, আবেদনকারীকে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত নীতিমালায় বর্ণিত কার্যকর/Valid IELTS (Academic)/ TOEFL iBT/ PTE Academic স্কোর অর্জন করতে হবে।
- দেশে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৬২,০০০/- (দুই হাজার টাকা) এবং বিদেশে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৬৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ট্রাস্টের অনুকূলে অনলাইনে পেমেন্ট করতে হবে।
- আবেদনকারীর যোগ্যতা-অযোগ্যতাসমূহ এবং আবেদন জমা প্রদানের পদ্ধতির জন্য ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) অনুসরণ করতে হবে। নীতিমালা ও আবেদনের সাথে সংযুক্তির চেকলিস্ট বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ওয়েবসাইটে ([www.stft.gov.bd](http://www.stft.gov.bd)) পাওয়া যাবে।


## প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণঃ

সফলভাবে অনলাইনে আবেদনপত্র পূরণের পর আবেদনের প্রিন্ট কপি ও আপলোডকৃত পাসপোর্ট সাইজের ছবির তিন কপিসহ সকল কাগজপত্র (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং সত্যায়িত ছবি ও ফটোকপি'তে প্রত্যয়নকারীর নাম ও পদমর্যাদাসহ অফিসিয়াল সীল ব্যবহার করতে হবে) এ-৪ সাইজে স্পাইরাল বাইন্ডিং করতঃ মুখবন্ধ খামে “প্রধান নির্বাহী কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, ১১তম তলা, জাতীয় বিজ্ঞান প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭” ঠিকানায় ২২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখ, অফিস চলাকালীন সময়ের মধ্যে আবশ্যিকভাবে রেজিস্টার্ড ডাক/কুরিয়ার/বাহকের মাধ্যমে পৌঁছাতে হবে। এর ব্যর্থতায় আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে/ফেলোশিপের জন্য বিবেচিত হবে না।

## বিবিধঃ

(ক) ফেলোশিপ সংক্রান্ত যে কোন বিষয়ে ফেলোশিপ নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) প্রযোজ্য হবে।

(খ) আবেদন সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট সাইটে (<https://support.most.gov.bd/en/login>) টিকিট তৈরি করুন অথবা নির্ধারিত নম্বরে (+880 1713-157012, +880 1796-244480) যোগাযোগ করুন।

  
মোহাম্মদ ইফতেখার হোসেন  
প্রধান নির্বাহী কর্মকর্তা